গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**বিষয়ঃ জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, চট্টগ্রাম পরিদর্শন প্রতিবেদন।**

আমি নিম্নস্বাক্ষরকারীগত ২২/১২/২০১৯ তারিখ সকাল ১০.০০ টায় চট্টগ্রাম জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় পরিদর্শন করি। পরিদর্শনকালে লোহাগাড়া উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা নীতা চাকমা, এবং জাতীয় মহিলা সংস্থার জেলা কর্মকর্তা শাহানা পারভীন এবং অধিদপ্তরের অন্যান্য অন্যান্য কর্মকর্তা/কর্মচারীগণ উপস্থিত ছিলেন। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (উপপরিচালক) অঞ্জনা ভট্টাচার্য্য দাপ্তরিক কাজে ঢাকায় অবস্থান করছিলেন।

১.০। **কার্যালয়**

জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, চট্টগ্রামে এর কোন নিজস্ব ভবন নেই। নাসিরাবাদ হাউজিং সোসাইটির, ২নং রোডে অবস্থিত সংরক্ষিত পরিত্যাক্ত ৫৫/এ-১ নম্বর বাড়িটিতে প্রায় ৩৮ বৎসর যাবত জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় পরিচালিত হয়ে আসছে এবং সরকারের নিকট মাসিক ১৫০০/- টাকা ভাড়া পরিশোধ করছেন। সংরক্ষিত 'ক' তালিকাভূক্ত বাড়ী হিসেবে এটি সরকারি দাপ্তরিক বা সরকারি আবাসনের জন্য নির্ধারিত।

১.১। নাসিরাবাদ মৌজার বি.এস খতিয়ান নং-১০ এর বি.এস দাগ নং- ১৫৬৬ এর ০.২৭০৬ একর জমির উপর স্থিত পরিত্যাক্ত বাড়িটি (জমিসহ) সংরক্ষিত তালিকা হতে বিক্রয় তালিকায় স্থানান্তর করে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অনুকূলে জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, চট্টগ্রাম এর নামে প্রতিকী মূল্যে বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, চট্টগ্রাম ১৬/৯/২০১৪ তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বরাবর অনুরোধপত্র প্রেরণের জন্য মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়কে অনুরোধ করে। এ বিষয়ে কোন অগ্রগতি হয়েছে মর্মে জানা যায়নি।



জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়।

১.২। **সুপারিশঃ**

উপরোক্ত পরিত্যাক্ত বাড়িটি (জমিসহ) সংরক্ষিত তালিকা হতে বিক্রয় তালিকায় স্থানান্তর করে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অনুকূলে জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, চট্টগ্রাম এর নামে প্রতিকী মূল্যে বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে অনুরোধ করা যেতে পারে।

২.০। **জনবলঃ**

কার্যালয়ের অনুমোদিত মোট জনবল ১৪জন এবং বর্তমানে কর্মরত ৯জন। এছাড়া ১৫টি উপজেলার মধ্যে ১০টি উপজেলায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কর্মরত আছেন। সাতকানিয়া, পটিয়া, কর্ণফুলী, রাউজান এবং সন্দীপ উপজেলায় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার পদ শূণ্য আছে। উপজেলা পর্যায়ে ১৭টি কর্মচারীর পদও শূণ্য রয়েছে।

**সুপারিশঃ**

২.১। জেলা এবং উপজেলা কার্যালয়ের শূণ্যপদে জনবল নিয়োগ/পদায়ন করা প্রয়োজন।

৩.০। **প্রশিক্ষণ কার্যক্রমঃ**

জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, চট্টগ্রামে জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচির প্রশিক্ষণ কার্যক্রম পরিদর্শন করি। প্রশিক্ষণ কর্মসূচির আওতায় ০৫টি ট্রেডে (আধুনিক দর্জি বিজ্ঞান ও এমব্রয়ডারী; মোবাইল ফোন সার্ভিসিং; ব্লক, বাটিক এন্ড প্রিন্টিং; বিউটিফিকেশন; শো-পিস তৈরী) ২০ জন করে মোট ১০০ জনকে সম্পূর্ণ বিনামূল্যে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণের মেয়াদ ০৩ মাস। প্রশিক্ষণার্থীদের দৈনিক ১০০/- হারে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হচ্ছে। প্রশিক্ষণার্থীদের উৎপাদিত পণ্য সামগ্রী বিক্রয়ের জন্য জেলা কার্যালয়ে একটি বিক্রয়কেন্দ্র রয়েছে।



আধুনিক দর্জি বিজ্ঞান ও এমব্রয়ডারী প্রশিক্ষণ



মোবাইল ফোন সার্ভিসিং প্রশিক্ষণ



ব্লক, বাটিক এন্ড প্রিন্টিং প্রশিক্ষণ



বিউটিফিকেশন প্রশিক্ষণ



শো-পিস তৈরীর প্রশিক্ষণ



প্রশিক্ষণার্থীদের উৎপাদিত পণ্য সামগ্রীর বিক্রয়কেন্দ্র

৩.১। **সুপারিশঃ**

জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচির প্রশিক্ষণ কার্যক্রম নারীদের জীবনমান উন্নয়নে বেশ ভূমিকা রাখছে। প্রশিক্ষণার্থীগণ প্রশিক্ষণ সম্পন্ন করে নিজে সাবলম্বী হতে কাজ করবেন জানান।

৪.০। **ভিজিডি কর্মসূচিঃ**

চট্টগ্রাম জেলার ১৫টি উপজেলার ১৮,৫৫০ জন দুঃস্থ মহিলাদের মাসিক ৩০ কেজি খাদ্য সহায়তা প্রদানের পাশাপাশি নির্বাচিত এনজিওদের মাধ্যমে জীবন দক্ষতামূলক ও আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

**সুপারিশঃ**

৪.১। খাদ্য সহায়তা বিতরণ এবং প্রশিক্ষণ কার্যক্রম নিয়মিত তদারকি করা প্রয়োজন।

৫.০। **দরিদ্র মা'দের মাতৃত্বকাল ভাতাঃ**

কার্যক্রমের আওয়তায় চট্টগ্রাম জেলার ১৫টি উপজেলায় ১৯১টি ইউনিয়নে ২৭,২৬৪ জন গর্ভবতী মাকে মাসিক ৮০০/- টাকা হারে ৩ বছর মেয়াদী মাতৃত্বকালীন ভাতা প্রদান করা হচ্ছে।

৬.০। **ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিলঃ**

কর্মসূচির আওতায় চট্টগ্রাম সিটি কর্পোরেশন একাকায় নির্বাচিত ৩০০০ জন এবং উপজেলা সমূহের ১৫টি পৌরসভায় ৬৬০০ জন কর্মজীবি ল্যাকটেটিং মাকে মাসিক ৮০০/- টাকা করে ভাতা প্রদান করা হচ্ছে। উপকারভোগীদের নির্বাচিত এনজিওদের মাধ্যমে সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।

৭.০। **ক্ষুদ্রঋণ কার্যক্রমঃ**

দুঃস্থ মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ৫% সার্ভিস চার্জে ৫,০০০/- টাকা থেকে ১৫,০০০/- টাকা পর্যন্ত ঋণ প্রদান করা হচ্ছে। এই কর্মসূচির মাধ্যমে চট্টগ্রাম জেলাধীন উপজেলাসমূহে এ পর্যন্ত ৪৩৭৪ জনকে ৪,৪৩,৯১,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে।

**সুপারিশঃ**

৭.১। যাচাই-বাছাই করে ঋণ বিতরণ করার জন্য এবং ঋণ আদায় কার্যক্রম আরো জোড়দার করার জন্য জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্টদের পরামর্শ দেয়া হলো।

৮.০। **স্বেচ্ছাসেবী মহিলা সমিতিঃ**

স্বেচ্ছাসেবী সমিতির সংখ্যা ১৭৫টি। বর্তমানে সক্রিয় ৯৪টি এবং নিষ্ক্রিয় ৫৬টি সমিতি। ২০১৮-১৯ অর্থ বছরে ৪৭টি সমিতির অনুকূলে ৯,৭০,০০০/- টাকা বিতরণ করা হয়েছে।

৯.০। **নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কার্যক্রমঃ**

জেলা ও উপজেলা পর্যায়ে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ কমিটির মাধ্যমে নারী নির্যাতন সংক্রান্ত অভিযোগসমূহ নিষ্পত্তি করা হয়। উঠান বৈঠক, আলোচনা সভা, মহিলা সমাবেশে নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, বাল্য বিবাহের কুফল, অটিজম শিশুর যত্ন, নারী শিক্ষার গুরুত্ব এবং নারী উন্নয়নমূলক কার্যক্রম সম্পর্কে ধারণা দেন।

১০.০। **সার্বিক মন্তব্যঃ**

১। শূণ্যপদ বিশেষ করে জেলা কার্যালয়ের প্রোগ্রাম অফিসার, উপজেলা কার্যালয়ের জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর এবং অফিস সহায়ক এর পদসমূহ দ্রুত পূরণ করা প্রয়োজন।

২। প্রশিক্ষণ এবং ভাতা প্রদান কার্যক্রম নিয়মিত মনিটরিং করা প্রয়োজন।

৩। নাসিরাবাদ হাউজিং সোসাইটির ২নং রোডে অবস্থিত সংরক্ষিত পরিত্যাক্ত ৫৫/এ-১ নম্বর বাড়িটি (জমিসহ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অনুকূলে জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, চট্টগ্রাম এর নামে প্রতিকী মূল্যে বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন।

(মোঃ মাসুদুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪০১৯৩

নং-৩২.০০.০০০০.০১৯.৯৯.০২৪.১৭-৯৩৫, তারিখঃ ২৬/১২/২০১৯ খ্রিঃ।

সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্যঃ

১। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৩। যুগ্মসচিব (প্রশাসন), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সিনিয়র সহকারী প্রধান (প্লাউ),মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। প্রোগ্রামার, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, চট্টগ্রাম।